



সংবাদ বিজ্ঞপ্তি

**নোবিপ্রবিতে পিএইচডি টক অনুষ্ঠিত**

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি) সায়েন্স ক্লাব এর আয়োজনে 'পিএইচডি টক' অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার (৫ নভেম্বর ২০২৪) বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) সম্মেলন কক্ষে আয়োজিত ওই অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

নোবিপ্রবি রিসার্চ সেলের পরিচালক অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক। মুখ্য আলোচক ছিলেন ফুড টেকনোলজি এন্ড নিউট্রিশন সায়েন্স বিভাগের সহকারী অধ্যাপক ড. মার্জিয়া সুলতানা। পিএইচডি টকের আলোচ্য বিষয় ছিলো, 'কো-ইনক্যাপসুলেশন অব বায়োঅ্যাকটিভ ইনগ্রিডিয়েন্টস ফর ফাংশনাল ফুড ডেভেলপমেন্ট'।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, নোবিপ্রবি সায়েন্স ক্লাবের এ আয়োজন সর্বদা অব্যাহত থাকবে এ প্রত্যাশা করছি। আয়োজকদের এবং আজকের প্রধান আলোচককে অভিনন্দন জানাচ্ছি। সবাইকে ধন্যবাদ।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪